

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৪১


তারিখ: ০৭ মাঘ ১৪২৮  
২১ জানুয়ারি ২০২২

**বিষয়: করোনভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তাররোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৩১ তারিখ: ১০.০১.২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের অনুবৃত্তিক্রমে আজ ২১ জানুয়ারি ২০২২ তারিখ হতে সার্বিক কার্যাবলি/চলাচলে নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলো:

- ক. ২১ জানুয়ারি ২০২২ থেকে আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সকল স্কুল, কলেজ ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে;
  - খ. বিশ্ববিদ্যালয়গুলো নিজ নিজ ক্ষেত্রে অনুরূপ ব্যবস্থা গ্রহণ করবে;
  - গ. সামাজিক/রাজনৈতিক/ধর্মীয়/রাষ্ট্রীয় অনুষ্ঠানে ১০০-র বেশি জনসমাবেশ করা যাবে না। এসব ক্ষেত্রে যারা যোগদান করবে তাদের অবশ্যই টিকা সনদ/২৪ ঘণ্টার মধ্যে পিসিআর সার্টিফিকেট আনতে হবে।
  - ঘ. সরকারি/বেসরকারি অফিস, শিল্প কারখানাসমূহে কর্মকর্তা/কর্মচারীদের টিকা সনদ গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে দায়িত্ব বহন করবেন;
  - ঙ. বাজার/শপিং মল, মসজিদ, বাসস্ট্যান্ড, লঞ্চঘাট, রেলস্টেশনসহ সবধরনের জনসমাবেশে অবশ্যই মাস্ক ব্যবহারসহ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে; এবং
  - চ. বিষয়টি স্থানীয় প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মনিটর করবে।
- ০২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
মোঃ শামসুল হোসেন  
যুগ্মসচিব  
মন্ত্রিপরিষদ বিভাগ  
ফোন: ৯৫১৪৪২৬

১. সিনিয়র সচিব/সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
২. বিভাগীয় কমিশনার (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
৩. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/বাংলাদেশ কোস্ট গার্ড/বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৫. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর (নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
৬. জেলা প্রশাসক (সকল)
৭. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.২৬

তারিখ: ৭ মাঘ ১৪২৮  
২১ জানুয়ারি ২০২২

মন্ত্রিপরিষদ বিভাগের উপরোক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২১-১-২০২২  
মনীষ চাকমা  
পরিচালক


- ১) উপপরিচালক,  
ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৩) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট  
(পিটিআই)
- ৪) উপজেলা শিক্ষা অফিসার (সকল উপজেলা)
- ৫) ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার (সকল উপজেলা)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.২৬/১(১১)

তারিখ: ৭ মাঘ ১৪২৮  
২১ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল)
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।]
- ৩) উপসচিব, বিদ্যালয়-২ শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৪) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।]
- ৫) সহকারী শিক্ষা অফিসার, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।]



২১-১-২০২২  
নাসরিন সুলতানা  
সহকারী পরিচালক